

NYC Housing Connect: সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদন করা

[FRONT]

“সামর্থ্যের মধ্যে” আবাসন বলতে কী বোঝায়?
আবাসন সামর্থ্যের মধ্যে বলে তখন বিবেচনা করা হয় যখন পরিবাররা তাদের আয়ের এক তৃতীয়াংশের বেশি বাড়ি ভাড়া হিসাবে খরচ করে না। যদি একটি পরিবারকে ভাড়ার জন্য তাদের মোট আয়ের তিন ভাগের এক ভাগের বেশি খরচ করতে হয়, তাহলে তাদেরকে ‘ভাড়ার বোঝায় ভারাক্রান্ত’ হিসাবে বিবেচনা করা হয়।

যেখানে যেতে হবে

nyc.gov/housingconnect – এ সামর্থ্যের মধ্যে আবাসনের অনুসন্ধান শুরু করুন

কী করা উচিত...

ধাপ 1. খুঁজুন

হাউজিং কানেক্ট (Housing Connect) বা সংবাদপত্রে সামর্থ্যের মধ্যে আবাসন খুঁজুন।

ধাপ 2. জানুন

যোগ্যতা এবং আবেদনের প্রয়োজনীয়তাগুলি সম্বন্ধে জানুন।

ধাপ 3. আবেদন করুন

রেজিস্টার করুন এবং অনলাইনে আবেদন করুন বা আপনার আবেদন ডাকযোগে পাঠান।

ধাপ 4. অপেক্ষা করে প্রস্তুত হন

আবেদন প্রক্রিয়া হতে 2 থেকে 12 মাস পর্যন্ত সময় লাগতে পারে।

ধাপ 5. যোগ্য হন

নির্বাচিত হলে, যোগ্যতার নথিপত্র জমা দিন

ধাপ 6. সাইন ইন বা আবার আবেদন করুন

যোগ্য হলে ভাড়া নিন বা কিনুন। প্রত্যাখ্যাত হলে, আপিলের মাধ্যমে চ্যালেঞ্জ করুন বা অন্যদের কাছে আবেদন করুন।

[FRONT PAGE FOOTER]

নিউইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (New York City Department of Housing Preservation and Development, HPD)
নিউ ইয়র্ক সিটি আবাসন ও উন্নয়ন নিগম (New York City Housing and Development Corporation, HDC)

জুন 2020

এই নথিটি শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে। এটি সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদনপত্র নয়।

আরও তথ্যের জন্য, পড়া চালিয়ে যান অথবা এখানে অনলাইনে আমাদের ভিজিট করুন:

ওয়েবসাইট: www.nyc.gov/hpd

আরো তথ্য পেতে বা অনলাইনে আবেদন করতে nyc.gov/housingconnect দেখুন।

Facebook, Twitter, Instagram: @NYCHousing

আরো তথ্যের জন্য পিছনে দেখুন।

এনওয়াইসি হাউজিং কানেক্ট: সামর্থ্যের মধ্যে আবাসনের জন্য আবেদন করা

[BACK]

ধাপ 1. খুঁজুন

সামর্থ্যের মধ্যে আবাসনের তালিকাগুলি খুঁজুন

আবেদন গ্রহণ করছে এমন সব নির্মিত আবাসনগুলি দেখতে NYC হাউজিং কানেক্ট দেখুন। NYC হাউজিং কানেক্টের মধ্যে বিদ্যমান সামর্থ্যের মধ্যে আবাসন ইউনিটও থাকে যেগুলি টার্নওভারে উপলভ্য হয়—সেগুলিকে পুনরায় ভাড়ার ইউনিট বলা হয়: nyc.gov/housingconnect

311 নম্বরে ফোন করে অ্যাফোর্ডেবল হাউজিং হটলাইন চান।

সংবাদপত্রে বিজ্ঞাপন ও নির্মাণস্থলে পোস্টার দেখুন।

সাহায্যের জন্য, হাউজিং অ্যাম্বাসাদর (Housing Ambassadors) সহ স্থানীয় কমিউনিটি সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করুন। HPD-এর ওয়েবসাইটে অ্যাম্বাসাদরগুলির একটি তালিকা খুঁজুন: nyc.gov/housing-ambassadors

বিজ্ঞাপন মন দিয়ে পড়ুন

সামর্থ্যের মধ্যে আবাসনের বিভিন্ন নির্মিত আবাসনের যোগ্যতা ভিন্ন ভিন্ন। আপনি বিভিন্ন নির্মিত আবাসনের জন্য ভিন্ন শ্রেণীগুলিতে পড়তে পারেন, যা আপনার পরিবারের আকার ও আয়তনের উপরে নির্ভর করে।

ধাপ 2. জানুন

এগুলি দেখুন...

- আপনাদের সম্মিলিত পারিবারিক আয় একটি উন্নয়নের নিম্ন ও উচ্চ সীমাগুলির মধ্যে কিনা। আয়ের নির্দেশিকা সহ HPD তথ্যমূলক নির্দেশিকা খুঁজুন: nyc.gov/hpd/findhousing
- আপনার পরিবার নির্মিত আবাসনের ইউনিটের আকারের প্রয়োজনীয়তা পূরণ করেছে কিনা।
- আপনার ক্রেডিটের ইতিহাস বুঝতে আপনার সাহায্যের প্রয়োজন কিনা। আরও জানতে সিটির আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রগুলির (Financial Empowerment Centers) একটিতে যান: nyc.gov/talkmoney

আপনার পছন্দসইয়ের জন্য আপনি যোগ্য কিনা তা জানুন। কিছু ইউনিট সেইসব মানুষদের জন্য সংরক্ষিত যারা...

- চলাফেরা, শোনা, ও/বা দেখার একটি অক্ষমতা থাকে।
- পাঁচটি বরোতে বাস করেন।
- ডেভেলপমেন্ট যে কমিউনিটি ডিস্ট্রিক্টে সেখানেই বাস করেন।
আপনারটি এখানে খুঁজুন:
communityprofiles.planning.nyc.gov
- নিউ ইয়র্ক শহরের জন্য কাজ করেন।

ধাপ 3. আবেদন করুন

অনলাইনে আবেদন করুন

NYC হাউজিং কানেক্টে একটি অ্যাকাউন্ট তৈরি করুন:

nyc.gov/housingconnect

আপনার আবেদন করার পর, নির্মাতারা আপনার প্রোফাইল দেখতে পাবেন, তাই আপনার পরিবার ও আর্থিক পরিস্থিতির পরিবর্তন হলে আপনার প্রোফাইল আপডেট করা গুরুত্বপূর্ণ।

অথবা ডাকের মাধ্যমে আবেদন করুন

ডাকযোগে কাগজে আবেদন করার অনুরোধ করতে বিজ্ঞাপনে নির্দেশ অনুসরণ করুন।

আবেদনের সব প্রশ্নের উত্তর আপনার জ্ঞান অনুযায়ী যথাসাধ্যভাবে দিন। মিথ্যা বা অসম্পূর্ণ তথ্য দিলে আপনি অযোগ্য বলে বিবেচিত হতে পারেন।

আপনার আবেদনে তারিখ দিয়ে স্বাক্ষর করুন, না হলে/নতুবা তা প্রত্যখ্যান করা হতে পারে। চূড়ান্ত সময়সীমার তারিখের আগে আপনার আবেদন জমা দিন।

আপনার নির্বাচিত হওয়ার সম্ভাবনা একই থাকবে...

- তা সে আপনি অনলাইনে আবেদন করুন বা ডাকযোগে।
- আপনি আপনার আবেদন কখন জমা দিচ্ছেন তা কোনও ব্যাপার নয়, যতক্ষণ এটি চূড়ান্ত সময়সীমার আগে হচ্ছে।

ধাপ 4. অপেক্ষা করে প্রস্তুত হন

আবেদনগুলি প্রক্রিয়া করার সময় অপেক্ষা করুন

চূড়ান্ত সময়সীমার পরে সব আবেদনগুলিকে একটি এলোপাথাড়ি ক্রমে রাখা হয় ও একটি করে লগ নম্বর দেয়া হয়।

নির্মাতা লগ নম্বরের ক্রমে (যারা পছন্দসই শ্রেণীর প্রয়োজনীয়তা পূরণ করেছেন, তাদের দিয়ে শুরু হয়) সেগুলি পর্যালোচনা করে আবেদনকারীর সঙ্গে যোগাযোগ করবে। পছন্দসই শ্রেণীগুলির একটি তালিকার জন্য ধাপ 2 দেখুন।

অপেক্ষা করার সময় প্রস্তুত হয়ে যান

একটি সম্পত্তির জন্য হাজার হাজার আবেদন জমা পড়তে পারে। আপনি চূড়ান্ত সময়সীমার পরে দুই থেকে বারো মাসের মধ্যে আপনার আবেদনের অবস্থা সম্বন্ধে জানতে পারেন। এই সময়ে আপনার যোগ্যতা পর্যালোচনার জন্য প্রস্তুতি নিয়ে নিন:

- HPD-এর তথ্যমূলক নির্দেশিকা ব্যবহার করুন:
nyc.gov/hpd/findhousing
- NYC হাউজিং কানেক্টে নথি সেভ করা শুরু করুন:
nyc.gov/housingconnect

মনে রাখবেন আপনি উত্তর নাও পেতে পারেন

এত বেশি আবেদন থাকার কারণে, আপনার সঙ্গে নাও যোগাযোগ করা হতে পারে, এমনকি আপনি যোগ্যতা অর্জন করে থাকলেও।

আপনার সঙ্গে যোগাযোগ করার সম্ভাবনা তখনই বেশি থাকবে যখন

আপনাকে এলোপাতাড়িভাবে একটি নিম্ন লগ নম্বর দেয়া হয় বা আপনি পছন্দসইয়ের জন্য যোগ্য হন।

ধাপ 5. যোগ্য হন

আপনার যোগ্যতা পর্যালোচনা করে নিন

যদি আপনার লগ নম্বর আসে, তাহলে নির্মাতা নথি জমা দিতে আপনার সঙ্গে যোগাযোগ করবেন। আপনি যোগ্যতার মানদণ্ড পূরণ করেছেন তা নিশ্চিত করার জন্য এটি করা হয়।

অবিলম্বে যোগাযোগ করুন, স্থান সীমিত এবং নথি জমা দেয়ার জন্য আপনার কাছে কয়েক ব্যবসায়িক দিন থাকবে।

যোগ্যতা পর্যালোচনার অনুরোধ পাওয়া মানেই আপনি সামর্থ্যের মধ্যে আবাসন পাবেন তার কোনো নিশ্চয়তা নেই।

নথি জমা দেয়া

নির্মাতার অনুরোধে আপনাকে অবশ্যই প্রদান করতে হবে এমন সমস্ত নথির তালিকা থাকবে। আগে থেকে প্রস্তুত হোন (ধাপ 4 দেখুন)।

যদি আপনি অনলাইনে আবেদন করেন, তাহলে সরাসরি নির্মাতাকে নথি দিতে আপনি সেগুলিকে হাউজিং কানেক্টে আপনার সমস্ত নথি আপলোড করতে পারেন। যদি আপনি কাগজে আবেদন করেন, তাহলে আপনাকে আপনার ডাকযোগে নথি পাঠাতে বলা হবে।

নিশ্চিতকরণের জন্য অপেক্ষা করুন

নির্মাতা আপনার যোগ্যতা যাচাই করার পরে, HPD বা HDC আপনার ফাইলটির নির্ভুলতা পর্যালোচনা করবে। কোনো প্রশ্ন থাকলে নির্মাতা আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

ধাপ 6. সাইন ইন বা আবার আবেদন করুন

লিজ বা ক্রয় চূড়ান্ত করা

আপনি যোগ্য হলে, আপনাকে লিজ স্বাক্ষর বা ক্রয় সম্পূর্ণ করার প্রস্তাব দেয়া হবে।

সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল

যদি আপনি অযোগ্য হিসাবে বিবেচিত হন, তাহলে আপনি একটি প্রত্যাখ্যান পত্র পাবেন। আপনি অসম্মত হলে, সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে প্রত্যাখ্যানের বিজ্ঞপ্তির নির্দেশনা অনুসরণ করুন।

লিখিতভাবে, প্রত্যাখ্যানটিতে কেন ত্রুটি ছিল বলে মনে করেন সেই কারণটি ব্যাখ্যা করুন এবং সমর্থনকারী কাগজপত্র দিন।

আপনার আপিলের ফলাফল সহ নির্মাতা আপনার সঙ্গে যোগাযোগ করবেন। আপনি অসম্মত হলে, HPD বা HDC-এর কাছে অভিযোগ পাঠাতে আপিল প্রত্যাখ্যানের বিজ্ঞপ্তির নির্দেশনা অনুসরণ করুন।

অন্যান্যদের কাছে আবেদন করুন

নির্মিত আবাসনের জন্য যোগ্য না হলে, মন খারাপ করবেন না। নতুন সামর্থ্যের মধ্যে আবাসনের সুযোগ সব সময় থাকে এবং আপনি যত আবাসনে সম্ভব আবেদন করতে পারেন।

গুরুত্বপূর্ণ:

যেকোনো HPD বা HDC -প্রযোজিত কোনও আবাসন প্রকল্পে আবেদনের জন্য কাউকে কোনও সময় কোনও অর্থ বা ফি প্রদান করবেন না।